

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৮৮

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩০/২০২৪
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আকতারুজ্জামান, প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ ১ম শ্রেণির কর্মকর্তা হওয়া সত্ত্বেও মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন ব্যতিত ২নং প্রতিপক্ষ স্বাক্ষরিত পত্রে গত ২৪/০১/২০২৪ তারিখে ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় বদলি করা হয়। তিনি তার বদলি সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩০/২০২৪ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩০/২০২৪ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৩০/২০২৪-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৮৮/১(৩)

তারিখ: ৫ ফাগুন ১৪৩০
১৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব